**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা পরিষদ কার্যালয়**
**রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা**

**অক্টোবর ২০২১ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ৩০ (ত্রিশ ) তম এর কার্য বিবরণী:**

সভাপতি: জনাব উবাচ মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৭/১০/২০২১খ্রি:। সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সকল সরকারি বিভাগীয় প্রধানের তালিকা পরিশিষ্ট "খ" তে উল্লেখ করা হলো।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্য বিবরণী: | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ২৯-তম সমন্বয় সভার কার্য বিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২. | ইত:পূর্বে গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচন: | উপজেলা পরিষদে হস্তান্তরিত সংশ্লিষ্ট সকল দপ্তর এবং অন্যান্য সরকারি দপ্তরসমূহের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ব্যাপক পর্যালোচনা করা হয় এবং গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধান এবং জনপ্রতিনিধিগণকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৩. | স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড: বুইহ্লাঅং মারমা সভাকে জানান যে, গত ২৩/১০/২০২১খ্রি: থেকে ২৯/১০/২০২১ খ্রি: পর্যন্ত স্কুল ভিত্তিক স্বাস্থ্য পরীক্ষা চলছে ক্ষুদে ডাক্তারদের মাধ্যমে। আগামী ৩০/১০/২০২১ খ্রি: থেকে ০৫/১১/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ পালিত হবে মর্মে সভাকে অবহিত করা হয়। আগামী ২৮/১০/২০২১ খ্রি: তারিখ গণটীকা কার্যক্রম অনুষ্ঠিত হবে। ইত্পূর্বে উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা পাওয়ায় সভার পক্ষ থেকে সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। পরবর্তী প্রোগ্রামের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | সরকারের যেকোন ধরণের উন্নয়নমূলক কার্যক্রমে সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে সভায় সর্বসম্মতিক্রম সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৪. | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্ত জনাব মো: মাহববুব আলম রনি সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রবি২০২১-২২ মৌসুমে ভুট্টা ও সরিষা ফসলের আবাদ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে সার ও বীজ বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। তিনি জানান, ফসলের মধ্যে ভুট্টার জন্য ১ জন কৃষক ১ বিঘা জমির জন্য ২ কেজি হাইব্রিড বীজ, ২০ কেজি ডিএপি সার, ১০ কেজি এমওপি সার প্রাপ্য হবেন। সরিষার জন্য ১ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার , ১০ কেজি এমওপি সার প্রাপ্য হবেন। যে ইউনিয়ন ও ব্লকে উক্ত ফসল ভালো হয় সে এলাকায় প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে উপকরণ বিতরণের বিশদ আলোচনা করা হয়। প্রত্যেক কৃষকদের ডাটাবেইজ তৈরি করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয় | সভায় বিশদ আলোচনান্তে যে ইউনিয়ন ও ব্লকে উক্ত ফসল ভালো হয় সে এলাকায় প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে উপকরণ বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। প্রত্যেক কৃষকদের ডাটাবেইজ তৈরি করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানোহয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৫. | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ড: মোহাম্মদ তৌফিজুল ইসলাম সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, ৫০ জন খামারীকে প্রশিক্ষণের জন্য নির্বাচন করা হয়েছে। গরুহৃষ্ট পুষ্ট করণের প্রকল্প থাকায় আগামী মাসে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ করানো হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | গরু হৃষ্ট পুষ্ট করণের বিষয়ে খামারীরা যাতে সঠিক প্রশিক্ষণ পায় তদবিষয়ে সুনজর রাখার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানোহয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৬. | মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব মোহাম্মদ ছাবেদুল হক সভাকে জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। এ অভিযান সফলভাবে সম্পন্ন করতে গিয়ে মাননীয় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ ভারপ্রাপ্ত কর্মকর্তা রাজস্থলী থানা এবং জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দের সার্বিক সহযোগিতার জন্য অভিনন্দন জানানো হয়। তিনি আরো জানান, চলতি মাসে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে ০২ টি প্রদর্শনী খামারে মাছের পোনা, সার, চুন ও খাবার বিতরণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জনাব সুজিত বড়ুয়া সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি-১ম কিস্তি বাবদ ২৯,৬৯,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং কোভিড-১৯ প্রতিরোধে ৫,২৯,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো জানান, ইয়ন্রংপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি নতুন ভবন নির্মাণের জন্য পুরাতন একটি টিনসেড ভবন ভাঙ্গার বিষয়ে উপজেলা শিক্ষা অফিস হতে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে আগামী ৩০/০১/২০২১ খ্রি: তারিখ সকাল ১১.৩০ ঘটিকার সময় পুরাতন টিনসেড ভবন ভাঙ্গার জন্য জরুরি সভা আহবান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | ২০২১-২২ অর্থ বছরে বার্ষিব উন্নয়ন কর্মসূচি এডিপি-১ম কিস্তি বাবদ টাকার অনুকূলে জরুরি ভিত্তিতে উন্নয়নমূলক প্রকল্পের তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। তাছাড়া ইয়ন্রংপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি নতুন ভবন নির্মাণের জন্য পুরাতন একটি টিনসেড ভবন ভাঙ্গার বিষয়ে সভার সিদ্ধান্তক্রমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, রাজস্থলীকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, রাজস্থলী, রাঙ্গামাটি |
| ০৮. | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয় | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৯. | শিক্ষা বিভাগ: সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব মুহাম্মদ আব্দুল করিম সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রমসুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদে ডাক্তার কার্যক্রম চলমান আছে। Accelerated Remedial Learning Plan অনুযায়ী পাঠদান কার্যক্রমচলমান। বর্তমানে প্রতিটি বিদ্যালয়ে প্রতিদিন দুই শ্রেণির পাঠদান চলমান রয়েছে।তিনি আরো জানান,আগামী ২৯ অক্টোবর থেকে ৫ নভেম্বর উপজেলায় সকল শিক্ষার্থীদের কৃমিনাশক ঔষধ খাওয়ানো হবে। তাছাড়া প্রত্যেকটি স্কুলে নিরাপদ পানির সুব্যবস্থা করার বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণকরা হয়। | প্রত্যেকটি বিদ্যালয়ে নিয়মিত পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে অধিকতর তৎপর হওয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। প্রত্যেকটি স্কুলে নিরাপদ পানির সুব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১০. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১১. | ত্রাণ বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্ত জনাব মো: রবিউল ইসলাম সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, প্রবারণা পূর্ণিমা উপলক্ষে৫১ টি বৌদ্ধ মন্দিরের জন্য ৫০০ কেজি হারে ২৫.৫০০ মে: ট চাল ও তিনটি দুর্গা পূজা মন্দিরের জন্য৫০০ কেজি হারে ১.৫০০ মে: টন চাল বিতরণ করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বরাদকৃত খাদ্যশস্য সঠিকভাবে ও সুষ্ঠুভাবে বিতরণ করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভা কর্তৃকধন্যবাদ জানানো হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১২. | মহিলা বিষয়ক অধিদপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত মিস সিথিঁ চাকমা সভাকে জানান যে, আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ঋণ বিতরণের জন্য আবেদনপত্র নেয়ার কার্যক্রম চলছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৩. | যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্ত জনাব সুবিনয় চাকমা সভাকে জানান যে, চলমান আদায়যোগ্য আত্নকর্মসংস্থান বাবদ ১১৯৮০০/- টাকা,আদায় ৯৩৮০০/-টাকা। পরিবারভিত্তিক কর্মসূচি বাবদ ঋণ ১,২৮,০০০/- টাকা আদায় ৮৬৩৫৬০/-টাকা। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৪. | খাদ্য বিভাগ: জনাব রিপু চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক রাজস্থলী সভাকে জানান যে, রাজস্থলী এলএসডিতে ৩৯৯ মে: টন আতপ চাল মজুদ আছে। খাদ্যবান্ধব কর্মসূচি কার্যক্রম চলমান আছে এবং নভেম্বর২০২১ খ্রি: মাস পর্যন্ত চলবে মর্মে সভাকে জানানো হয়। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৫. | সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজ সেবা কর্মকর্ত জনাব মো: জিয়া উদ্দিন সভাকে জানান যে, গত মাসে **RSS=৫,৪০,০০০ টাকা, RMC= ১,৫০,০০০** টাকা, **দগ্ধ ও শারিরীক প্রতিবন্ধী বাবদ ২,১০,০০০/- টাকা সর্বমোট৯,০০,০০০ টাকা** ঋণ প্রদান করা হয়েছে। নতুন করে ৯০ জন বয়স্ক ভাতার বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতাভোগী অনুমোদন হয়েছে। ২৪৪ জন বিধবা ভাতা প্রাপ্তি ও অনুমোদন হয়েছে। প্রতিবন্ধী ভাতার জন্য বরাদ্দ পাওয়া গেছে ৮৪ জনের ,অনুমোদন হয়েছে ৩৬ জনের। অবশিষ্ট ৪৮ জন প্রতিবন্ধী পাওয়া যায়নি। প্রতিবন্ধী প্রাপ্তির জন্য প্রচেষ্টা অব্যাহত আছে। প্রতিবন্ধী পাওয়া গেলে ভাতা ফেরত দেওয়া হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | অত্র উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে প্রতিবন্ধী সনাক্ত করার জন্য সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধিবৃন্দকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৬. | আনসার ভিডিপি বিভাগ: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জনাব মে: আব্দুস সাত্তার সভাকে জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধজানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | উপজেলা রিসোর্স সেন্টার: সহকারী ইন্সট্রাক্টর, জনাব মোহাম্মদ আবু তাহের, উপজেলা রিসোর্স সেন্টার রাজস্থলী সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্য ক্রম স্বাভাবিক।তিনি জানান, বিভিন্ন বিদ্যালয়ে নিয়মিত একাডেমিক পর্য বেক্ষণের মাধ্যমে শিখন কাজে সহায়তা করা হচ্ছে। কোভিড এর কারণে যে ঘাটতি তৈরি হয়েছে তা পূরণের জন্য **NAPE ও DPE কর্তৃক** প্রণীত Accelereted Remedial Learning Plan অনুযায়ী পাঠদানে সহায়তা করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৮. | উপজেলা নির্ব াচন অফিস: উপজেলা নির্ব াচন কর্ম কর্তা জনাব উৎপল বড়ুয় সভাকে অবহিত করেন যে, আগামী ২৮ নভেম্বর, ২০২১ ভোট গ্রহণের দিন/ তারিখ নির্ধ ারণ করে বাংলাদেশ নির্ব াচন কমিশন কর্তৃক রাজস্থলী উপজেলার ইউনিয়ন পরিষদ নির্ব াচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। পূর্বে র ন্যায় উক্ত নির্ব াচন সফল ওসুষ্ঠুভাবে সম্পন্নকরণে উপজেলা নির্ব াচন অফিসার সংশ্লিষ্ট সকলের সার্বি ক সহযোগিতা কামনা করেন। | নির্ব াচন কমিশন কর্তৃক নির্ধ ারিত দিনে ভোট গ্রহণে যাবতীয় প্রস্তুতি সম্পন্নকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৯. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: জনাব লিমন চন্দ্র বর্ম ন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজস্থলী সভাকে জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ২০১৯-২০ অর্থ বছরে ৭৮ টি গভীর নলকূপ কাজ প্রায় শেষ পর্য ায়ে।২০২০-২১ অর্থ বছরে ৭৩ টি গভীর নলকূপ কাজ চলমান রয়েছে। | সঠিক এবং সম্পূর্ণ ভাবে নলকূপ স্থাপনের কাজ সমাপ্তকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২০. | পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা: জনাব সন্তোষ কুমার তঞ্চঙ্গ্যা, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা সভাকে অবহিত করেন যে, তাঁর দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে।তিনি জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের গত মাসে ঋণ বিতরণ হয়েছে ৪৯,৪৫,০০০/- টাকা,কর্জ আদায় হয়েছে ৩৭,০০০০০/- টাকা, সঞ্চয় আদায় হয়েছে ২,৫০,০০০/- টাকা। | ঋণ বিতরণ এবং আদায়ে অধিকতর তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, এবাএখা, রাজস্থলী |
| ২১. | টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্ব ত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড: উপজেলা ব্যবস্থাপক,টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্ব ত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজস্থলী এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্য ক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্য ক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্ম কর্তা। |
| ২২. | বন বিভাগ: জনাব মোহাম্মদ আব্দুল কাইয়ুম নিয়াজী ,রেঞ্জ কর্ম কর্তা, রাজস্থলী রেঞ্জ সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্য ক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৩. | বি.আর.ডি.বি: উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্য ক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, আদা, হলুদ চাষ ও গবাদি পশু পালন বাবদ ঋণ বিতরণ করা হয়েছে ১১,৩০,০০০/- টাকা এবং মোট সদস্য সংখ্যা ৩৬ জন, ঋণ আদায় হয়েছে ৭,৮৫,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত বাবদ ৩৪,০০০/- টাকা। | দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৪. | সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্ম কর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্য ক্রমের বিষয়ে আলোচনাকরা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্য ক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয় | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৫. | **তথ্য আপা কর্ম কর্তার কার্য ালয় :** উপজেলা তথ্য আপা কর্ম কর্তা সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্য ক্রমস্বাভাবিকভাবে চলছে।তিনি জানান, উঠান বৈঠক, ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র হতে সকল সেবা প্রদান করা হচ্ছে। | দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্ম কর্তা রাজস্থলী |
| ২৬. | পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের বিভাগীয় কার্য ক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৭. | **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ, লিচুবাগান, কাপ্তাই এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্য ক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্য ক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্ম কর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয় | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৮. | **বিবিধ : (১) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষ ণকরা হয়। এ বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করার জন্য সভা কর্তৃক সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান,সচিব এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে অনুরোধ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু নিবন্ধন মনিটরিং করার পর নিয়মিত রিপোর্ট প্রদানের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা,২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক সহকারী পরিদর্শ ক নিয়োগ করা হয়েছে মর্মে সভায় বিশদ আলোচনা করা হয়। | রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষ ণ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা,২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক নিয়োগকৃত সহকারী পরিদর্শ কগণকে নিয়মিত সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত রিপোর্ট প্রদানের জন্য সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) সহকারী পরিদর্শ ক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | **কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:**<br>১। বিগত সভার কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনা করা হয়। | ১। কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনান্তে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়। | বিভাগীয় ধান(সকল) রাজস্থলী |
| | **সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা:**<br>উপজেলা পরিষদে ন্যস্তকৃত সরকারি দপ্তরসমূহের নতুন জারিকৃত কোন বিধি উপস্থাপন না করায় এ বিষয়ে আলোচনা করা যায়নি। | উপজেলা পরিষদে ন্যস্তকৃত দপ্তরসমূহের নুতন নীতিমালা, পরিপত্র প্রজ্ঞাপন আইন ও বিধি সরকার কর্তৃক জারি করার সাথে সাথে উপজেলা পরিষদের সভায় তা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর পর্যালোচন (প্রযোজ্য ক্ষেত্রে) :**<br>মাননীয় সংসদ সদস্য কর্তৃক কোন ধরণের সুপারিশ পাওয়া না যাওয়ায় তদবিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে আলোচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা :**<br>**উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয় সমূহ সভায় উত্থাপিত হয়।**<br>(ক)অক্টোবর/২০২১ খ্রি:মাসের আনুসাঙ্গিক খরচ বাবদ ৫০০০/-টাকা।<br>(খ) সেপ্টেম্বর/ ২০২১ এর উপজেলা পরিষদের ২ জন কর্ম চারীর বেতন বাবদ ( ১৫৪০০×২)= ৩০৮০০/-টাকা।<br>(গ) উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ এর বিদ্যুৎ বিল বাবদ ৯৪৮৯/- টাকা।<br>(ঘ) অক্টোবর/২০২১ খ্রি:মাসের আপ্যায়ন বিল বাবদ ৪০০০/-টাকা।<br>(ঙ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জুলাই/ ২০২১ সম্মানী ভাতা বাবদ ৪৬২০০/- টাকা<br>(চ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই/ ২০২১ সম্মানী ভাতা বাবদ ( ২৭০০০×২)= ৫৪০০০/-টাকা।<br>(ছ) উপজেলা নির্বাহীঅফিসার মহোদয়ের বাংলোয় বৈদ্যুতিক লাইন মেরামত, ওয়ারিং করা বাবদ ৩২০০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় পর্যালোচনান্তে সঠিক বিবেচিত হওয়ায় পরিশোধের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাজস্থলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

( উবাচ মারমা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং: ০৫.৪২.৮৪৭৮.০০৬.০৪.০০৪.২১-  তারিখ: ২৭/১০/২০২১খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১. মাননীয় সংসদ সদস্য, ২৯৯, পার্বত্য রাঙ্গামাটি।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৫. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮-৯. উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১০. উপজেলা ..............................................................কর্ম কর্তা,রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১-১৩. চেয়ারম্যান, ১ নং ঘিলাছড়ি/ ২ নং গাইন্দ্যা/ ৩ নং বাঙ্গালহালিয়া ইউপি, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. ........................................................................................................................

(শান্তনু কুমার দাশ )
মূখ্য নির্বাহী কর্ম কর্তা ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
E-mail :unorajasthali@mopa.gov.bd